শীতবস্ত্রের বিপুল আয়োজন

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর
উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ – ৯ই ফাল্গুন বুধবার ১৩৬৮ ইংরাজী 21st Feb. 1962 { ৩৯শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sengr

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক ঃ
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. 16.56

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৯ই ফাল্গুন বুধবার সন ১৩৬৮ সাল।

# মাতালের স্বাধিকার জ্ঞান

—•—

কলকাতায় এক মাতালের গল্প প্রচলিত আছে। মাতালের মুখ দিয়ে গল্প বলা হয়েছে, কিন্তু ইহাতে আমাদের শিক্ষণীয় ঢের আছে। এক মাতাল মত্তাবস্থায় বড়বাজার দিয়ে পদব্রজে চলেছে। একটি ছুঁচো তার ছু'পায়ের মাঝ দিয়ে চিক চিক শব্দ ক'রে চলে গেল। এক সিঁড়ির নীচে নর্দ্দমার মধ্যে ছুঁচোটি আশ্রয় নিয়েছে। মাতাল একখানি বাখারী সংগ্রহ ক'রে লাগলো তাকে খোঁচাতে। ছুঁচো তার খোঁচা সহ্য করতে না পেয়ে যেই বাহির হয়েছে, মাতাল তাকে বাখারীর এক ঘা মারলো। ঘা খুব জোরে লাগেনি। সে দৌড়াতে লাগলো। মাতাল তার পেছুন পেছুন ছুটতে লাগলো। যেখানে ছুঁচো আশ্রয় নেই মাতাল বাখারী প্রয়োগে তাকে ব্যস্ত করে তোলে। অবশেষে বাখারীর এক প্রবল আঘাত সইতে না পেরে তার গন্ধমূষিক লীলা সম্বরণ করতে বাধ্য হলো। স্বাধিকার প্রমত্ত বীর তখন ছুঁচোর লেজ ধরে ঝুলাতে ঝুলাতে রাস্তা চলে আর বলে—বাবা গন্ধমূষিক ছুচন্দর! যাও! আমার ছু'পায়ের মধ্যে দিয়ে পথ কর। এক ব্যক্তি মাতালের এই ব্যাপার দেখে হেসে বলে উঠলো যুদ্ধে জয়ী হয়ে বিজয় উল্লাস দেখাচ্ছ? মাতাল তখন বলে উঠলো—আমি মাতাল না তুমি মাতাল! আজ আমার ছুপায়ের মধ্যে দিয়ে ছুঁচো গেল। কাল একটা ছাগল যাবে। তারপর দিন একটা গরু যাবে! তারপর দিন এক ঘোড়া যাক। তারপর আমার ছুপায়ের মধ্য দিয়ে ট্রাম কোম্পানি লাইন পেতে ট্রাম চালাতে লাগুক আর ছুই পা ফাঁক করে দাঁড়িয়ে থাকি। তুমি মাতালেরও অধম নিজের দখল রাখতে পার না! লজ্জা করে না! নিজের দখলী স্থান যদি রক্ষা করা না যায় তবে তার ভবিষ্যৎ অন্ধকার। একজন রাজনীতিজ্ঞ মাতালের নাম ঠিকানা লিখে নিয়ে বল্লে—ভাই তোমাকে আমি রাজ দরবারে পরিচয় ক'রে দিব। তুমি মাতাল নও। তোমার আইন সভায় যাওয়া উচিত। আইন একবার লংঘন যদি কেউ করে তবে তাই প্রথা হয়ে পড়ে।

একজন সাধারণ নির্ব্বাচনে পরাজিত হলো তার খাতির ক'রে তাকে সভ্য ক'রে লওয়া কর্ত্তৃপক্ষের অসভ্যতা ও অসত্যতা। আইন লঙ্ঘন অপরাধ। নির্ব্বাচনে লোক যাকে চায় না তাকে খাদ্যমন্ত্রী করতেই হবে এ কোন্ রাজনীতি! মাতাল এর চেয়ে জ্ঞানী। সাধারণ নির্ব্বাচনে সাধারণে যাকে ভোট দিলে না সেই অযোগ্য ব্যক্তিকে যে দায়িত্ব-পূর্ণ কাজে মন্ত্রী করে সে নির্ব্বাচনে অর্ব্বাচীন। এই সব কর্ত্তারা কর্ত্তা না হয়ে কুত্তা হওয়ার উপযুক্ত নয়। কারণ কুত্তা অজানা লোককে প্রভুর ঘরে প্রবেশ করতে দেখলে How! How বলে বাধা দেয়। প্রভুকে চেতন করে। এই রকম কুত্তারা কর্ত্তাদের চেয়ে অযোগ্য নয়। মাতালের স্বাধিকার জ্ঞানা আছে এদের নাই।

---

## পরলোকে হেমেন্দ্রপ্রসাদ ঘোষ

### প্রবীণ সাংবাদিকের লোকান্তর

গত ৩রা ফাল্গুন বৃহস্পতিবার শেষ রাত্রি ২-১৭ মিনিটের সময় প্রবীণ সাংবাদিক ও দৈনিক বসুমতীর প্রাক্তন সম্পাদক শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ পরলোক-গমন করেন। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৮৬ বৎসর। তিনি কিছুকাল যাবৎ অসুখে ভুগিতেছিলেন।

### সংক্ষিপ্ত জীবনী

দৈনিক বসুমতীর ভূতপূর্ব্ব সম্পাদক, প্রবীণ সাংবাদিক ও সাহিত্যিক শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ ১৮৭৬ খৃষ্টাব্দের ২৪শে সেপ্টেম্বর জন্মগ্রহণ করেন। তিনি বর্ত্তমানে পূর্ব্ব-পাকিস্তানের অন্তর্গত যশোহর জেলার চৌগাছার জমিদার স্বর্গত গিরীন্দ্রপ্রসাদ ঘোষের পুত্র। তিনি কলিকাতা প্রেসিডেন্সী কলেজ হইতে ১৮৯৯ খৃষ্টাব্দে বি-এ পাশ করেন। অতি অল্প বয়স হইতে তিনি সাংবাদিকতা সুরু করেন। তিনি লণ্ডনের ইনষ্টিটিউট অফ জার্ণালিষ্টসের সদস্য ছিলেন। ১৯১৭ খৃষ্টাব্দে মেসোপটেমিয়ায় যে সাংবাদিক প্রতিনিধি দল গিয়াছিলেন তিনি তাহার অন্যতম সদস্য ছিলেন। ১৯১৮ সালে পশ্চিমী রণাঙ্গণে যে ভারতীয় সাংবাদিক প্রতিনিধি দল সফর করেন, তাহাতে তিনি ছিলেন বাংলা দেশের দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্র-সমূহের প্রতিনিধি। ১৯৪৫ সালের জানুয়ারী মাসে কলিকাতায় নিঃ ভাঃ সংবাদপত্র সম্পাদক সম্মেলনে শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ অভ্যর্থনা সমিতির সভাপতির ভাষণ পাঠ করিয়াছিলেন। তিনি সাংবাদিকতার বিকাশের যেরূপ তথ্যপূর্ণ আলোচনা করিয়াছিলেন, তাহা ভারতের বিভিন্ন স্থান হইতে আগত প্রতিনিধিদিগকে মুগ্ধ করিয়াছিল। তাঁহার বর্ণনার ভঙ্গী ছিল অসাধারণ। এই সম্মেলনে স্বর্গত ব্রেলভী সভাপতিত্ব করিয়াছিলেন। সেদিনের এই তথ্যবহুল ভাষণের জন্য হেমেন্দ্রপ্রসাদ "জীবন্তবিশ্বকোষ" বা "লিভিং এনসাইক্লোপিডিয়া" নামে অভিহিত হইয়াছিলেন। বহুবিধ জনকল্যাণেও হেমেন্দ্রপ্রসাদ অগ্রণী ছিলেন। তিনি কলিকাতা কর্পোরেশনের কাউন্সিলর হইয়াছিলেন। শিক্ষা-ক্ষেত্রেও তিনি খ্যাতিলাভ করেন। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গিরিশ ঘোষ ও রামানন্দ বক্তৃতা দিয়াছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা শিক্ষার ক্লাস খুলিলে তাহাতে তিনি নিয়মিত বক্তৃতা দেন। নূতন বিশ্ববিদ্যালয় আইন প্রবর্তিত হইবার পর তিনি সেনেটের সদস্য হন। মধ্যশিক্ষা পর্ষদের অধুনালুপ্ত টেক্‌ষ্ট বুক কমিটিরও তিনি সদস্য ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতার ক্লাস খুলিবার পর হইতেই তিনি উহার লেকচারার পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি শেষ দিন পর্য্যন্ত বসুমতীর সহিত সংশ্লিষ্ট ছিলেন।

---

## এম-এ পরীক্ষায় প্রথম স্থান

শ্রীদেবপ্রসাদ বন্দ্যোপাধ্যায় এই বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম-এ পরীক্ষায় ইংরাজীতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করিয়াছেন। শ্রী বন্দ্যোপাধ্যায় স্বর্গত ডাঃ অনিলাঙ্গনাথ বন্দ্যোপাধ্যায়ের পুত্র। ইনি স্কটিশ চার্চ কলেজের প্রাক্তন ছাত্র।

---

# সব দিকেই দুর্নীতি মধ্যে রক্ষা হচ্ছে পঞ্চশীল





## পঞ্চশীল





## সাধারণ নির্ব্বাচন পরিচালন ব্যবস্থা

### পশ্চিমবঙ্গে ৭০ হাজার লোক নিয়োগ

পশ্চিমবঙ্গের সাধারণ নির্ব্বাচন পরিচালনার কাজে ৭০ হাজার লোক নিয়োগ করা হইয়াছে। নির্ব্বাচনকার্য্য পরিচালনার কায়দা কানুন আয়ত্ত করিবার জন্য এই কর্ম্মচারীদের একমাস ট্রেণিং লইতে হইয়াছে। সারা পশ্চিমবঙ্গে নির্ব্বাচন কেন্দ্র করা হইতেছে ২১,৫০০টি, যে সকল স্থানে বিদ্যালয় অথবা কলেজ ভবন পাওয়া যাই নাই সেই সকল জায়গায় সাময়িকভাবে কাজ চালাইবার উপযোগী ঘর নির্ম্মাণ করা হইয়াছে। জরুরী অবস্থা মিটাইবার উপযুক্ত ব্যবস্থাও রাখা হইয়াছে। এই নির্ব্বাচন যাহাতে শান্তিপূর্ণভাবে সমাধা হইতে পারে তজ্জন্য জাতীয় রক্ষীবাহিনীর ৬ হাজার লোক এবং ৩০ হাজার পুলিসের নিয়োগ করা হইয়াছে। কলিকাতার নির্ব্বাচনের জন্য পুলিস থাকিবে ১১ হাজার। ২৫শে ফেব্রুয়ারী হইতে ভোট গণনা সুরু হইবে এবং ১লা মার্চ্চ পর্য্যন্ত উহা চলিবে। অধিকাংশ ভোট গণনার কাজই ২৮শে ফেব্রুয়ারী মধ্যে শেষ হইয়া যাইবে। সামান্য দুই একটি কেন্দ্রের ভোট গণনা ১লা মার্চ্চ হইবে।

---

## প্রাপ্ত

সম্পাদক, 'জঙ্গিপুর সংবাদ'

মহাশয় সমীপেষু—

মহাশয়, আপনার বহুল প্রচারিত পত্রিকায় পত্রখানা প্রকাশ করিলে বাধিত হইব ; রঘুনাথগঞ্জ হইতে ধুলিয়ানগামী বাসের ভাড়া ও বাসের ষ্টেশন অত্যন্ত অযৌক্তিকভাবে স্থিরীকৃত হইয়াছে। একটি উদাহরণ দেই—রঘুনাথগঞ্জের পরের ষ্টেশন হইল আহিরণ এবং দূরত্ব ৬।৭ মাইল। এর মধ্যে কোন ষ্টেশন নাই। ফলতঃ রঘুনাথগঞ্জ হইতে ধুলিয়ান-গামী যাত্রী ১ম শ্রেণীর ভাড়া দেয় ১.২৫ নঃ পঃ ও মঙ্গলজন বা মিয়াপুর হইতে যে যায় তাকেও দিতে হয় ১.২৫ নঃ পঃ। এ বিষয়ে প্রায়ই বাসকণ্ডাক্টর ও যাত্রীর মধ্যে বাদানুবাদ হয় ও শান্তিভঙ্গের উপক্রম হয়। অন্ততঃ রেল ষ্টেশন মিয়াপুরে একটি বাসের ষ্টেশন করা উচিত। উক্ত বাসে রঘুনাথগঞ্জ হইতে মিয়াপুরে গেলেও তাকে আহিরণের ভাড়া দিতে হয়। এ বিষয়ে R. T. A.র সদস্য ও সুযোগ্য মহকুমা শাসক শ্রী গুপ্ত মহাশয়ের ব্যক্তিগত দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করি। ইতি ৭।২।৬২

বিনীত—শ্রীস্বরাজরঞ্জন সেন, রঘুনাথগঞ্জ।

---

## তারাপীঠের মন্দিরে চুরি

সংবাদপত্রে প্রকাশ—সিদ্ধপীঠ তারাপীঠের মন্দিরের ভিতর হইতে দুঃসাহসিক চুরির এক চাঞ্চল্যকর সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, গত শনিবার ১৩ই জানুয়ারী রাত্রিতে কে বা কাহারা তারাপীঠের মায়ের মন্দিরের দরজা কোনরূপে খসাইয়া ভিতরে প্রবেশ করে ও মন্দিরের কাংস-নির্মিত বৃহৎ ঘণ্টাটি ও দুইখানি বেনারসী শাড়ী সহ চারিখানি শাড়ী অপহরণ করে। সেই রাত্রিতে মায়ের মন্দিরের ভিতর হইতে একজোড়া রৌপ্য-নির্মিত খড়ম অপহৃত হয়। তারামায়ের মন্দিরে চুরি এই প্রথম বলিয়া জানা যায়।

---

## বিতর্ক প্রতিযোগিতায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রের কৃতিত্ব

২০শে ফেব্রুয়ারী—নয়াদিল্লীতে সমবায় সম্পর্কে দ্বিতীয় জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শ্রীঅমৃতানন্দ দাস ৫০০ টাকার প্রথম পুরস্কার লাভ করেন। গতকাল বিকালে এখানে দিল্লী স্কুল অব ইকনমিক্সে এই বিতর্ক প্রতিযোগিতা হয়।

---

## পাকিস্থানে গণচাঞ্চল্য

দীর্ঘদিন সামরিক শাসনের পেষণে অতিষ্ঠ হইয়া পূর্ব্ব পাকিস্থানের ছাত্রদল যে বিক্ষোভ প্রদর্শনে বাধ্য হয়, তাহার ধাক্কায় এখন সারা পাকিস্থানেই গভীর চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে। আজ আর এ বিক্ষোভ শুধু সহরেই সীমাবদ্ধ নাই, পল্লীগ্রামে পর্য্যন্ত আয়ুবশাহী শাসনের বিরুদ্ধে তীব্র ঘৃণা ফুটিয়া উঠিয়াছে।

---

## ট্রামের ভাড়া বৃদ্ধির প্রস্তাব করা হয় নাই প্রকাশিত সংবাদের প্রতিবাদ

কলিকাতার কোনও দৈনিকপত্রে সংবাদ প্রকাশিত হইয়াছে যে, ক্যালকাটা ট্রামওয়ে এ্যাণ্ড কোং লিমিটেড সহরে ট্রামের ভাড়া বৃদ্ধি করিবার প্রস্তাব করিয়াছেন। সরকার ঐরূপ কোনও প্রস্তাব পান নাই কিংবা ঐরূপ প্রস্তাব বিবেচিতও হইতেছে না। —প্রেসনোট

---


## বিজ্ঞপ্তি

### রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়

সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের কার্যনির্বাহক সমিতি আগামী মার্চ মাসে (১৯৬২ সাল) পুনর্গঠিত হইবে। নির্ব্বাচনের বিস্তৃত কর্মসূচী নিম্নে প্রদত্ত হইল :—

1. Date and time of publication of Provisional Voters' list—22nd Feb, 1962 at 11 A. M.
2. Submission of claims to and objections against inclusion of any name—1st March, 1962 by 11 A. M.
3. Publication of the Final Voters' lists—9th March, 1962 by 11 A. M.
4. Submission of Nomination Papers—19th March, 1962 by 11 A. M.
5. Withdrawal of Nomination Papers—20th March, 1962 by 11 A. M.
6. Scrutiny of Nomination Papers—21st March, 1962 by 11 A. M.
7. Holding of election—25th March, 1962.

(from 8 A. M. to 12 noon and from 1 P. M. to 4 P. M. if necessary.)

**A. K. Sinha**
Headmaster (Actg.)
Raghunathganj High School
21-2-62 Raghunathganj, Murshidabad.




## এক টাকা হ'লেও তা সঞ্চয় করুন

আপনার সঞ্চিত-প্রত্যেকটি টাকা জাতীয় স্বার্থে প্রয়োজন। বিনিয়োগ-যোগ্য মূলধনের আমাদের অত্যন্ত অভাব। গ্রামে গ্রামে স্কুল, হাসপাতাল এবং সকলের জন্য বাসস্থান — অবিলম্বে প্রয়োজন। দেশের সম্পদের উপযুক্ত ব্যবহার, অথবা জনসাধারণের একান্ত আবশ্যকীয় সুখ সুবিধার ব্যবস্থা—এ ধরনের যে কোনো কাজই ব্যয় নির্ভর। মূলধনের এই অভাব আপনার সাহায্যে, আপনার অর্থে পূরণ হওয়া সম্ভব।

নিজের স্বার্থে আপনিও একটি সঞ্চয় পরিকল্পনা করতে পারেন। সরকারী পরিকল্পনায় অর্থ বিনিয়োগ সব দিক থেকেই লাভজনক। এ অনেকখানি ব্যবসায় অর্থ লগ্নী করার মত। অথচ এতে কোনো ঝুঁকি নেই। উঁচুহারে আপনি সুদ পাবেন। এমন কি এই অর্থের ওপর কোনো আয়কর পর্যন্ত দিতে হয়না। প্রয়োজনে অর্থ বিনিয়োগের ১২ মাস পর আপনি আপনার অর্থ তুলেও নিতে পারেন।



## সঞ্চয় করা আপনার অবশ্য কর্তব্য

**বিভিন্ন সরকারী সঞ্চয় পরিকল্পনাগুলি হল :**

(১) ১২ বছরের ন্যাশন্যাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট
(২) ১০ বছরের ট্রেজারি সেভিংস ডিপোজিট সার্টিফিকেট
(২) পোষ্ট অফিস পাশ বই
(৪) ১৫ বছরের অ্যান্যুইটি সার্টিফিকেট (দ্বিতীয় পর্যায়)

বিশদ বিবরণের জন্য
নিকটবর্তী পোস্ট অফিসে অনুসন্ধান করুন

**পশ্চিমবঙ্গ সরকার**

WBSC-1 BEN



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকটিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ. কলিকাতা—২৪

---

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।